**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলা শহরে সৌরবিদ্যুৎ উৎপাদন ও ব্যবহারের জন্য জনগণকে আরও বেশি করে উৎসাহিত করতে পরামর্শ দিয়েছেন।**

**(২) রাজ্য সরকার সারা রাজ্যে মোট ১০০টি অঙ্গন ওয়াড়ি কেন্দ্রকে ইংরেজি মাধ্যমে রূপান্তরের প্রক্রিয়া শুরু করেছে।**

**(৩) নরওয়ের রাজধানী অসলোতে আজ ভারত-নর্ডিক তৃতীয় শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।**

**(৪) জনজাতি কল্যান মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, জনজাতিদের অভাব অভিযোগ শুনতে ও সমস্যা নিরসনে সিঙ্গেল উইন্ডো সিস্টেম চালু করা হয়েছে।**

***********************************

**CM-Review Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলা শহরে সৌরবিদ্যুৎ উৎপাদন ও ব্যবহারের জন্য জনগণকে আরও বেশি করে উৎসাহিত করতে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের পরামর্শ দিয়েছেন। আজ টি.আই.এফ.টি.-র কনফারেন্স হলে আগরতলা পুরনিগম সহ বিভিন্ন শহর এলাকার বিদ্যুৎ এবং পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের এক পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী এই পরামর্শ দেন। সভায় তিনি বিভিন্ন প্রকল্পের কাজ গুণগতমান বজায় রেখে সঠিক সময়ের মধ্যে শেষ করতে নির্দেশ দেন। তাছাড়া অসামাজিক কাজের চেষ্টা হয় শহরাঞ্চলে এই রকম স্থানগুলিকে চিহ্নিত করে সোলার হাই মাস্ট বসানোর জন্যও তিনি সভায় পরামর্শ দেন।

সভায় বিদ্যুৎ নিগমের প্রতিনিধি জানান, আগরতলা শহরের মাটির নীচে বিদ্যুৎ পরিবাহী লাইন পাতা এবং এরসঙ্গে সংশ্লিষ্ট স্মার্ট গ্রিড কন্ট্রোল সেন্টার, সাব স্টেশন স্থাপনের জন্য ইতিমধ্যে কাজ শুরু করা হয়েছে। এই খাতে মোট ব্যয় ধরা হয়েছে ১ হাজার ৫০০ কোটি টাকা। আগরতলা পুরনিগম এলাকায় ১ লক্ষ ২০ হাজার এবং মোহনপুর পুরপরিষদ এলাকায় ৩০ হাজার স্মার্ট মিটার বসানোর কাজ চলছে। ইতিমধ্যে এই কাজের প্রায় ৭০ শতাংশ সম্পন্ন হয়েছে।

পিএম সূর্যঘর মুফত বিজলি যোজনা সম্পর্কে বলতে গিয়ে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ জানান, এই প্রকল্পে এখন পর্যন্ত শহর এলাকাগুলিতে ২ হাজার ৮৪৫টি সোলার ইউনিট বসানো হয়েছে। ভর্তুকি দেওয়া হয়েছে ৫৩৬১ কোটি টাকা। রাজ্যের বিভিন্ন শহর এলাকায় প্রায় ১ লক্ষ ৫০ হাজার বাড়িতে এই প্রকল্পে সোলার প্যানেল লাগানোর লক্ষ্যমাত্রা রয়েছে বলে বিদ্যুৎমন্ত্রী জানান। উপস্থিত ছিলেন মুখ্যসচিব জে. কে. সিনহা, সচিব অভিষেক সিং প্রমুখ।

****************************

**100 Days Stop TB :**

১০০ দিনের টিবি মুক্ত ভারত অভিযান-এর অংশ হিসেবে টিবি রোগ প্রতিরোধে ও সচেতনতা বাড়াতে গান্ধীগ্রাম হাসপাতালের অধীন আজ লক্ষীলুঙ্গা চা বাগানে এক বিশেষ “চায় পে চর্চা” ও আয়ুষ্মান আরোগ্য শিবিরের আয়োজন করা হয়। হরেন্দ্রনগর সিনিয়র বেসিক স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত এই যৌথ স্বাস্থ্য ও জনসচেতনতা মূলক কর্মসূচিতে চা বাগান এলাকার চা শ্রমিক, তাঁদের পরিবার এবং স্থানীয় সাধারণ জনগণের ব্যাপক উপস্থিতি ছিল।

এই উদ্যোগের মূল উদ্দেশ্য ছিল টিবি রোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, প্রাথমিক পর্যায়ে রোগ শনাক্তকরণ, সময়মতো চিকিৎসা গ্রহণে উৎসাহ প্রদান এবং প্রত্যন্ত চা বাগান এলাকার মানুষের কাছে সহজলভ্য স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়া। উপস্থিত ছিলেন বামুটিয়া পঞ্চায়েত সমিতির

চেয়ারপার্সন দীপক কুমার সিনহা, উত্তর লক্ষ্মীলুঙ্গা গ্রাম প্রধান মৌসুমী দাস, জাতীয় স্বাস্থ্য মিশনের যুগ্ম মিশন অধিকর্তা ডঃ নূপুর দেববর্মা, পশ্চিম জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডক্টর শংকর চক্রবর্তী প্রমুখ।

*************************

**English Medium-AWC :**

রাজ্য সরকার সারা রাজ্যে মোট ১০০টি অঙ্গন ওয়াড়ি কেন্দ্রকে ইংরেজি মাধ্যমে রূপান্তরের প্রক্রিয়া শুরু করেছে। তারই অঙ্গ হিসাবে ঊনকোটি জেলার মোট দশটি অঙ্গন ওয়াড়ি কেন্দ্রকে ইংরেজি মাধ্যমে রূপান্তরিত করা হচ্ছে। এই লক্ষ্যে আজ কৈলাশহর সার্কিট হাউসে এক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। অনুষ্ঠানে ঊনকোটি জেলার জেলা শাসক মেঘা জৈন বলেন, ছয় বছর বয়স পর্যন্ত শিশুদের মস্তিষ্কের সর্বাঙ্গীন বিকাশের জন্য ও সুন্দর ভবিষ্যত গড়ার জন্যই এই উদ্যোগ।

*************************

**Supreme Court :**

সুপ্রিমকোর্ট আজ পথকুকুর সংক্রান্ত পূর্ববর্তী নির্দেশ প্রত্যাহারের আবেদন খারিজ করে দিয়েছে। আদালত জানিয়েছে, টিকাকরণ বা বন্ধ্যাকরণের পর ধরা কুকুরদের জনস্থানে ছাড়া যাবে না, তাদের আশ্রয়কেন্দ্রেই রাখতে হবে। বিচারপতি বিক্রম নাথের বেঞ্চ জানিয়েছে যে এই নির্দেশ কার্যকর না করলে সংশ্লিষ্ট সরকারি আধিকারিকদের বিরুদ্ধে আদালত অবমাননা ও বিভাগীয় কড়া ব্যবস্থা নেওয়া হবে। রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে অ্যানিমাল বার্থ কন্ট্রোল কেন্দ্র গড়ে তোলা, জলাতঙ্ক প্রতিরোধী টিকার ব্যবস্থা নিশ্চিত করা এবং প্রয়োজনে বিপজ্জনক কুকুরের ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা নেওয়ারও নির্দেশ দেওয়া হয়েছে।

বিচারপতি বিক্রম নাথ, বিচারপতি সন্দীপ মেহতা এবং বিচারপতি এন.ভি অঞ্জারিয়ার সমন্বয়ে গঠিত একটি বেঞ্চ দেশজুড়ে ক্রমবর্ধমান পথকুকুরের সংখ্যা মোকাবিলার লক্ষ্যে একাধিক নির্দেশনা জারি করেছে।

বেঞ্চ বলেছে যে, যেসব এলাকায় পথকুকুরের সংখ্যা আশঙ্কাজনক পর্যায়ে পৌঁছেছে এবং যেখানে বারবার কুকুরের কামড় বা আক্রমণাত্মক হামলা জননিরাপত্তার জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে, সেখানে পুর কর্তৃপক্ষ প্রাণীহত্যার আশ্রয় নিতে পারে।

****************************

**Marksheet TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক, উচ্চতর মাধ্যমিক এবং মাদ্রাসা পরীক্ষার মার্কশিট এবং শংসাপত্র আগামীকাল দেওয়া হবে। আজ মধ্যশিক্ষা পর্ষদের সচিব ডঃ জয়দীপ ভট্টাচার্য এই খবর জানিয়েছেন। তিনি জানান, পর্ষদ অফিস থেকে মার্কশিট দেওয়া হবে। এছাড়া মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র রিভিও এর জন্য আলাদা আবেদন পত্র পর্ষদের ওয়েবসাইট www.tbse.tripura.gov.in এ পাওয়া যাবে।

*******************************

**Tripura Kshet Majdoor Union :**

ত্রিপুরা ক্ষেতমজুর ইউনিয়নের ৪৭তম প্রতিষ্ঠা দিবস আজ আগরতলার মেলারমাঠে উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে আলোচনা সভায় বক্তব্য রাখেন ইউনিয়নের রাজ্য সম্পাদক শ্যামল দে।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে–এ এ–আই–আর–নিউজ–এলার্টস–এ। ইউ–টিউব–এ লক্ষ্য করুন নিউজ–অন–এআইআর–অফিসিয়াল–এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ–আই–আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**********************

**PM :**

নরওয়ের রাজধানী অসলোতে আজ ভারত–নর্ডিক তৃতীয় শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নরওয়ে, সুইডেন, আইসল্যান্ড, ডেনমার্ক ও ফিনল্যান্ডের প্রধানমন্ত্রীদের সঙ্গে অসলো সিটি হলে অনুষ্ঠিত এই সম্মেলনে অংশ নেন। সম্মেলনে প্রযুক্তি ও উদ্ভাবন, দীর্ঘস্থায়ী উন্নয়ন, নবীকরণযোগ্য শক্তি এবং ডিজিটালাইজেশন–এই বিষয়গুলিকে গুরুত্ব দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী শ্রী মোদী জানিয়েছেন, এই নতুন বাণিজ্য চুক্তির মাধ্যমে ভারত–নর্ডিক দেশগুলির মধ্যে এক স্বর্ণ যুগের সূচনা হবে।

******************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন–কি–বাত’ অনুষ্ঠানে দেশ–বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন–কি–বাত’–এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন–কি–বাত’–এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum–এ এবং Narendra Modi App–এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০–১১–৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে

মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

***************************

**India–Bangladesh trading partner :**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ তথ্য অনুযায়ী, মার্কিন যুক্তরাষ্ট্রকে সামান্য ব্যবধানে পেছনে ফেলে বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম বাণিজ্য অংশীদার হয়ে উঠল ভারত। গত ফেব্রুয়ারি মাসে বাংলাদেশের মোট বাণিজ্যের ৮.৪৭ শতাংশ, অর্থের নিরিখে ১২৩.২৮ বিলিয়ন টাকা ভারতের সাথে সম্পন্ন হয়েছে, যেখানে যুক্তরাষ্ট্রের শেয়ার ছিল ৮.৪৬ শতাংশ, অর্থের নিরিখে ১২৩.১৭ বিলিয়ন টাকা। তবে ২১ শতাংশেরও বেশি শেয়ার নিয়ে শীর্ষ বাণিজ্য অংশীদারের স্থানটি ধরে রেখেছে চীন। মূলত ভৌগোলিক নৈকট্য ও কম পরিবহন খরচের সুবাদে ভারত থেকে চাল, পেঁয়াজ, চিনি, তুলা ও শিল্প কাঁচামালের মতো নিত্যপ্রয়োজনীয় পণ্যের আমদানি বৃদ্ধি পাওয়ায় এই পরিবর্তন এসেছে। অপরদিকে, যুক্তরাষ্ট্রের সাথে বাংলাদেশের বাণিজ্য মূলত তৈরি পোশাক রপ্তানি এবং এল.পি.জি ও কৃষিপণ্য আমদানির মধ্যেই সীমাবদ্ধ রয়েছে, যা দেশের রপ্তানি খাতের সীমিত বহুমুখীকরণ এবং তৈরি পোশাকের ওপর অতিরিক্ত নির্ভরশীলতাকেই পুনরায় স্পষ্ট করে।

***************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যান মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, জনজাতি কল্যান দপ্তরে জনজাতিদের যাবতীয় অভাব অভিযোগ শুনতে ও সমস্যা নিরসনে সিঙ্গেল উইন্ডো সিস্টেম চালু করা হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার নির্দেশেই সিঙ্গেল উইন্ডো সিস্টেম চালু করা হয়েছে। আজ আগরতলার সুপারি বাগানস্থিত দশরথ দেব স্মৃতি হলে জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে ক্রীড়া ক্ষেত্রে সফল জনজাতি ছেলেমেয়েদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে তিনি

একথা বলেন। জনজাতি কল্যান মন্ত্রী আরো জানান, রাজ্যে বর্তমানে ১২টি একলব্য আবাসিক বিদ্যালয় রয়েছে। আরও ছয়টি একলব্য বিদ্যালয় শীঘ্রই চালু হবে। আরো দশটি একলব্য বিদ্যালয় স্থাপন করার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে।

ট্রাইবেল রিচার্স অ্যান্ড কালচারেল প্রোগ্রাম আয়োজিত আজকের অনুষ্ঠানে ক্রীড়াক্ষেত্রে জাতীয় স্তরে ৪৯ জন এবং আন্তর্জাতিক স্তরে ৪৭ জন সফল জনজাতি ক্রীড়াবিদকে সংবর্ধনা প্রদান করা হয়।

*************************

**Inauguration ICTC :**

গোমতী জেলা হাসপাতালে আধুনিক স্বাস্থ্য পরিষেবার অঙ্গ হিসেবে আজ চালু হয়েছে ইন্টিগ্রেটেড কাউন্সেলিং অ্যান্ড টেস্টিং সেন্টার (ICTC), ডি.এস.আর.সি ও এফ.আই-এ.আর.টি সেন্টার। এই কেন্দ্রের মাধ্যমে এইচআইভি সংক্রান্ত পরীক্ষা, পরামর্শ ও চিকিৎসা পরিষেবা প্রদান করা হবে। জেলাশাসক রিঙ্কু লাথের জানান, এই সেন্টার উদ্বোধনের মূল উদ্দেশ্য হলো এইচ আই ভি আক্রান্ত রোগীদের প্রয়োজনীয় ওষুধ সরবরাহ নিশ্চিত করা এবং তাদের নিরবিচ্ছিন্নভাবে চিকিৎসা ব্যবস্থা করা।

***************************

**Women's Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতায় আজ ৪টি খেলা হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে অনুষ্ঠিত খেলায় প্রগতি প্লে সেন্টার ৮২ রানে রয়েল কোচিং সেন্টারকে, নরসিংগড়ের পি টি এ মাঠে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টার ৮ উইকেটে মৌচাক ক্লাবকে, এম বি বি স্টেডিয়ামে এগিয়ে চলো সংঘ ১০ উইকেটে ইউনাইটেড বি এস টিকে এবং মোহনপুরের তালতলা মাঠে বিদ্যাসাগর কোচিং সেন্টার ১৫৪ রানে স্ফুলিঙ্গ ক্লাবকে পরাজিত করে।

**********************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ ত্রিপুরা সহ মিজোরাম, মণিপুর, নাগাল্যান্ড, অরুণাচল প্রদেশে আগামী ২২শে মে থেকে ২৫শে মে পর্যন্ত ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। আবহাওয়া বিভাগের পূর্বাভাসে বলা হয়েছে, আগামী ২৬শে মে কেরলমে আনুষ্ঠানিকভাবে বর্ষা প্রবেশ করবে। দক্ষিণ, পশ্চিম মৌসুমী বায়ু বর্তমানে দক্ষিণ পূর্ব আরব সাগর, দক্ষিণ পশ্চিম ও দক্ষিণ পূর্ব বঙ্গোপসাগরের দিকে অগ্রসর হচ্ছে।

এদিকে, আগরতলা আবহাওয়া দপ্তর জানিয়েছে, আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস।

****************************